প্রমাণক-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার
বীর উত্তম মেজর জেনারেল আজিজুর রহমান সড়ক
তেজগাঁও, ঢাকা-১২১৫
www.ntmc.gov.bd

৪৪.১০.০০০০.০০০.০৫.০০৩.২০-৬২৯(১)

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) এর উত্তম চর্চার তালিকা

১। অত্র সংস্থা কর্তৃক প্রনীত নিম্নবর্ণিত উত্তম চর্চার তালিকা এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলোঃ

ক্র/নম্বর	উত্তম চর্চার নাম	উত্তম চর্চার বিবরণ
১।	ডিজিটাল এ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম এর মাধ্যমে নিরাপত্তা	এনটিএমসি রাষ্ট্রের নিরাপত্তা নিশ্চিতকল্পে বিভিন্ন আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থাসমূহকে Lawful Interception (LI) এ সহযোগিতা প্রদান করে আসছে। যেহেতু এ সংস্থা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ, অতি গোপনীয় ও সংবেদনশীল সেহেতু এ সংস্থার মূল গেইটসহ বিভিন্ন পয়েন্টে Electronic Access Control System এর আওতায় Turnstile যন্ত্র স্থাপন করা হয়েছে। Smart Card এবং Finger Print এর মাধ্যমে সংস্থার সকল কর্মচারী এনটিএমসিতে প্রবেশ করে থাকেন। দর্শনার্থীদের এনটিএমসি'তে প্রবেশের জন্য ডিজিটাল পাস ইস্যু করা হয়। এ ব্যাপারে এনটিএমসি'র কিছু সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
২।	প্রাতঃকালীন সমাবেশ	এনটিএমসি'তে কর্মরত সকল সদস্যকে প্রতি কর্মদিবসে প্রাতঃকালীন সমাবেশে উপস্থিত হতে হয়। এ সমাবেশে সদস্যদের দৈনন্দিন কাজের জবাবদিহিতা নিশ্চিত করা হয় এবং তাদের সমস্যা সম্পর্কে অবহিত হয়ে প্রয়োজনীয় সমাধান প্রদান করা হয়।
৩।	কার্যক্রমের অগ্রগতির লক্ষ্যে ব্রিফিং	এনটিএমসি'র কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যহ সকাল ৯.১৫ ঘটিকায় কনফারেন্স রুমে কর্মকর্তাদের ব্রিফিং প্রদান করা হয় যাতে করে কার্যক্রমের অগ্রগতি বৃদ্ধি পায়।
৪।	পাক্ষিক সমন্বয় সভা	এনটিএমসি'র বিভিন্ন কার্যক্রম ত্বরান্বিত করণের লক্ষ্যে পাক্ষিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।
৫।	চার্টার অব ডিউটি প্রণয়ন	সকল কর্মচারীর নিজ নিজ দায়িত্ব সম্পর্কে অবহিত হওয়ার নিমিত্ত চার্টার অব ডিউটি প্রণয়ন করা হয়েছে।
৬।	অগ্নি নির্বাপন কমিটি গঠন এবং অগ্নি নির্বাপন কার্যক্রম সম্পাদন	অগ্নি নির্বাপন কমিটি গঠন করা হয়েছে এবং এ কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। অগ্নি নির্বাপন কার্যক্রম সুচারুভাবে সম্পাদনের নিমিত্ত প্রতি ফ্লোরে কর্মচারীদের তালিকা সম্বলিত বোর্ড করা হয়েছে। এছাড়া মাঝে মাঝে নিজেরাই মহড়া অনুষ্ঠান সম্পন্ন করে থাকে
৭।	অভিযোগ নিস্পত্তি করন	যে কোন ধরনের অভিযোগ নিস্পত্তি করণের লক্ষ্যে Grievance Redress System (GRS) কার্যকর করা হয়েছে।
৮।	কর্মকর্তা এবং কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি	কর্মকর্তা এবং কর্মচারীদের আরো বেশি দক্ষতা বৃদ্ধিকরণের লক্ষ্যে দেশে নিয়মিত প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে এবং একইসাথে বিদেশেও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
৯।	অডিট আপত্তি নিস্পত্তি	এনটিএমসি'র কোন অডিট আপত্তি থাকলে তা নির্ধারিত সময়ের মধ্যে নিস্পত্তি করনের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।
১০।	শুদ্ধাচার কৌশল চর্চা	মৌলিক অধিকার ও উন্নয়ন প্রতিবন্ধকতার সামাজিক ব্যধিসমূহ যাতে এ সংস্থার সদস্যগণকে আক্রান্ত করতে না পারে সেজন্য জাতীয় শুদ্ধাচার কৌশল চর্চা অব্যাহত রয়েছে।

D:\Admin\শুদ্ধাচার\সংস্থার জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২০২১\উত্তম চর্চার তালিকা.docx

ক্র/নম্বর	উত্তম চর্চার নাম	উত্তম চর্চার বিবরণ
১১।	শুদ্ধাচার কৌশল কর্মসম্পাদন বাস্তবায়নে পুরস্কার প্রদান	প্রতি বছর শুদ্ধাচার কৌশল কর্মসম্পাদন বাস্তবায়নে প্রথম স্থান অধিকারী ১ জন কর্মকর্তা এবং ১ জন কর্মচারীকে (২ জন) পুরস্কার প্রদান করা হয়ে থাকে।
১২।	বডি স্ক্যানার এবং ব্যাগেজ স্ক্যানার	এনটিএমসি'র মেইন গেইটে বডি ও ব্যাগেজ স্ক্যানার এবং ডাটা সেন্টার বিল্ডিং এ ব্যাগেজ স্ক্যানার এর মাধ্যমে অত্র সংস্থায় প্রবেশকৃত সকল ব্যক্তি এবং ব্যক্তিবর্গ কর্তৃক বহনকৃত সরঞ্জামাদির নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে।
১৩।	ভেহিক্যাল স্ক্যানার মেশিন এর মাধ্যমে নিরাপত্তা	ভেহিক্যাল স্ক্যানার মেশিন এর মাধ্যমে এনটিএমসি'তে বিভিন্ন যানবাহন প্রবেশের নিরাপত্তাকল্পে ভেহিক্যাল স্ক্যানার মেশিন স্থাপন করা হয়েছে।
১৪।	সংস্থা সকল গুরুত্বপূর্ণ দলিল ও তথ্য সংরক্ষণ	এ সংস্থায় আর্কাইভের মাধ্যমে সকল গুরুত্বপূর্ণ দলিল ও তথ্য সংরক্ষণ করা হয়।
১৫।	Document Management System (DMS) এ নথি আপলোডকরণ	এ সংস্থায় আগত ও বহির্গমনকৃত সকল ডাক Document Management System (DMS) এ আপলোডের মাধ্যমে সংরক্ষণ করার চর্চা অব্যাহত আছে, যার কারণে খুব কম সময়ের মধ্যে যে কোন রেফারেন্স খুজেঁ পাওয়া যায় এবং সময়ের সাশ্রয় হচ্ছে।
১৬।	দাপ্তরিক কাজ দ্রুততার সাথে সম্পাদন	তথ্য প্রযুক্তির উন্নয়নের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তকর্তাগণের সিদ্ধান্ত দ্রুততার সাথে প্রাপ্তির লক্ষ্যে ই-নথি, Viber Apps, WhatsApp ব্যবহার নিশ্চিত করা হয়েছে।
১৭।	পরিষ্কার পরিচ্ছন্নতার মান উন্নয়ন অব্যাহত চর্চা	এ সংস্থার পরিষ্কার পরিচ্ছন্নতার উপর নজরদারী অব্যাহত রয়েছে। তদুপরী বর্তমানে সারাদেশে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় সংস্থার যেসব এলাকায় এডিস মশা বংশ বিস্তার করার সম্ভাবনা রয়েছে, সেসব এলাকাসমূহে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার ব্যাপারে সকল সদস্যকে নির্দেশনা প্রদান করার পাশাপাশি সপ্তাহে ২/৩ বার মশা নিধনের ঔষুধ স্প্রে করারচর্চা অব্যাহত রয়েছে। পরিষ্কার পরিচ্ছন্নতা কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে।
১৮।	স্বাস্থ্য বিধি অনুসরণ	সরকার কর্তৃক সময়ে সময়ে প্রণীত স্বাস্থ্য বিধি অনুসরণ সংক্রান্ত কর্মশালা আয়োজন, গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন ও মনিটরিং করা হচ্ছে। বিশেষ করে কোভিড-১৯ সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে।

২। বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

২৭.৭.২০

এ, জে, এম, এরশাদ আহসান হাবিব
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
পরিচালকের পক্ষে

টেলিফোন : ০২-৫৫০২৯৫৪১
ফ্যাক্স : ০২-৫৫০২৯৫৪৯
ই-মেইলঃ coord@ntmc.gov.bd

বিতরণ: কার্যার্থে-

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন-৩ শাখা), জননিরাপত্তা বিভাগ]।